

10/05/07
20

তিন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে মঞ্জুরি কমিশনের নোটিস স্থগিত করেছে হাইকোর্ট

ইত্তেফাক রিপোর্ট

বিশ্ববিশ্ববিদ্যালয়গুলোর টাভিজ সেন্টার
না। ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউএসএ
ইউনিভার্সিটি অব নিউ ক্যাম্পেল ও ভিক্টোরিয়া
ইউনিভার্সিটি ইউএসএ'কে অবৈধ ঘোষণা করে
দেয়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নোটিস এক
সপ্তাহের জন্য স্থগিত করেছে হাইকোর্ট। সোমবার
বিচারপতি সৈয়দ শাহমুদ হোসেন এবং বিচারপতি
সৈয়দ বেফত আহমেদের সম্মুখে গঠিত ডিভিশন
বেঞ্চ এ আদেশ দেন। বিশ্ববিদ্যালয়গুলোর পক্ষে
বাংলাদেশ টাভিজ সেন্টারের মোহাম্মদ আবুল হোসেন,
ড. সিরাজুল হক চৌধুরী ও জিন্নাতুল রহমান পৃথক
পৃথক রিট আবেদন দাখিল করেন। আবেদনকারীদের
পক্ষে মামলা পরিচালনা করেন অ্যাডভোকেট ড.
নির্বিন শারমিন চৌধুরী। প্রসঙ্গত গত ১২ মে মঞ্জুরি
কমিশন ৫২টি বিশ্ববিদ্যালয়কে অবৈধ ঘোষণা করে
সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করে।